

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ জুলাই'২০২১খ্রি.

স্বাস্থ্যবিধি মেনে চলতে চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত

স্বাস্থ্যবিধি উপেক্ষা করায় ১১ পথচারীকে জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ শনিবার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে নগরীর নগরীর কাজীর দেউরী, জামালখান, গনি বেকারী, চকবাজার, বাদুরতলা, কাপাসগোলা, বহদ্দারহাট, নতুন চান্দগাঁও থানা, শুলকবহর ও কাতালগঞ্জ এলাকায় করোনাভাইরাস জনিত রোগের বিস্তার রোধে সরকারি স্বাস্থ্যবিধি উপেক্ষা করায় ১১টি মামলা রুজু পূর্বক ১১ ব্যক্তিকে ২ হাজার ১ শত টাকা জরিমানা করা হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটগণ মাস্ক বিতরণ করেন এবং নগরবাসীকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা প্রদান করে। করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে ও নগরবাসীকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করার লক্ষে চসিকের ভ্রাম্যমান আদালত অব্যাহত থাকবে। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দ।

অরুণ দাশগুপ্তের মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রামের জ্ঞানের প্রধানতম দ্বীপশিখা নিভে গেল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বরণ্য কবি ও সাংবাদিক শ্রী অরুণ দাশগুপ্তের মৃত্যুতে এক শোকবার্তায় বলেছেন, তাঁর মৃত্যুতে চট্টগ্রামের মানব সম্পদ জগতের সবচেয়ে বড় উজ্জ্বল ও প্রবীনতম প্রদীপ শিখাটি নিভে গেল। তিনি ছিলেন মুক্তিযুদ্ধের রাজনৈতিক সাংস্কৃতিক ও সামাজিক শক্তির বাতিঘর। সর্বোপরি অসম্প্রদায়িক ও গণতান্ত্রিক চেতনার রাজপথের সৈনিকদের শুভাকাঙ্ক্ষী হিসেবে তিনি একজন পথ প্রদর্শকও। চট্টগ্রামের একজন শুদ্ধাচারী নাগরিক হিসেবে তাঁর অনন্য দায়বদ্ধতায় তিনি চিরস্মরণীয় ও বরণীয় হয়ে আমাদের মাঝে চিরঞ্জীব হয়ে থাকবেন। শোকবার্তায় মেয়র প্রয়াত শ্রী অরুণ দাশগুপ্ত'র বিদেহী আত্মার শান্তি কামনা ও শোক-সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।

বর্ষণজনিত কারণে রাস্তায় সৃষ্ট

খানা-খন্দক সারাতে চসিকের উদ্যোগ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী জানান, অতিবর্ষণজনিত কারণে নগরীর যে সকল সড়কে খানা-খন্দক সৃষ্টি হয়েছে নাগরিক দুভোগ লাঘবে তা সারিয়ে তুলতে আজ শনিবার থেকে প্যাচওয়ার্ক কার্যক্রম শুরু হয়েছে। তিনি বলেন, নগরীর গুরুত্বপূর্ণ সড়কগুলো যানবাহন চলাচল উপযোগী করে রাখতে চসিকের সংশ্লিষ্ট বিভাগকে সক্রিয় রাখা হয়েছে। বর্ষণজনিত কারণে রাস্তায় যে খানা-খন্দক সৃষ্টি হয়েছে সে সম্পর্কিত তথ্য কাউন্সিলরগণ অবগত হয়ে প্রকৌশল বিভাগকে জানাতে হবে। তাদের তত্ত্বাবধানেই এই প্যাচওয়ার্ক চলবে। আজ শনিবার নগরীর টাইগার পাস, ওয়াসার মোড়, ২নং গেইট সহ নগরীর বিভিন্ন সড়কে প্যাচওয়ার্ক কার্যক্রম পরিচালিত হয়।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩